দর্শনা কেরুজে পিট পদ্ধতিতে আখ চাষের শুভ উদ্ধোধন

চিনি উৎপাদনের প্রধান কাঁচামাল আখ। সেই আখ উৎপাদন বৃদ্ধির লক্ষে দর্শনা কেরুজ চিনিকল কর্তৃপক্ষ রিং পিট পদ্ধতিতে আখ চাষের উদ্যাগ গ্রহণ করেছেন।

গতকাল রোববার বেলা ১১ টার দিকে চিনিকলের আওতাধীন ডিহি কৃষি খামার রিং পিট পদ্ধতিতে আখ চাষ পরিদর্শণে আসেন শিল্প মন্ত্রণালয়ের যুগ্নসচিব মনিরুজ্জামান। এসময় তিনি বলেন, আখ একটি জনপ্রিয় অর্থকারি ফসল। এটি চিনি উৎপাদনের মূল উপাদান। কি চাহিদার তুলনায় আখ উৎপাদন অনেক কম। এর কারণেও অনেক। সঠিক পরিচর্যা বা চাষাবাদের অভাব, ফসলের বচিতর্য, বিভিন্ন মেয়াদী সবজি ফসলের আবাদ বদ্ধি, ফলের বাগান তৈরী ইত্যাদি কারণ দিন দিন আখ চাষের জমি কমে যাচ্ছে। কম জমিতে অধিক পরিমাণ আখ উৎপাদন করার জন্য দর্শনা কেরুজ চিনিকল কর্তপক্ষ রিং পিট নাম বিশেষ একটি বৈজ্ঞানিক পদ্ধতিতে আখ চাষের উদ্যাগ গ্রহণ করেছে। অন্যদিকে চিনিশিল্পকে বাঁচিয়ে রাখতে অন্যান্য ফসলের পাশাপাশি কৃষকরা যাতে আখ চাষে বিশেষ গুরুত্ব দেয় তার জন্য নানামুখি উদ্যাগ গ্রহণ করেছে কর্তপক্ষ। তারি অংশ হচ্ছে রিং পিট পদ্ধতিতে আখের চাষ।

এছাড়া কৃষকদের আখ চাষের প্রতি উৎসাহিত করার জন্য বীজ, সার, কীটনাষক সহায়তা দিয়ে থাকে চিনিকল কর্তপক্ষ। বৈজ্ঞানিক পদ্ধতিতে আখ চাষ করে অল্প জমিতে অধিক পরিমাণ ও ভালো মানের আখ উৎপাদন করা যায় শিল্পম্ত্রাণালয় সেলক্ষে কাজ করে যাচ্ছে। একটিই উদ্দেশ্য চিনিশিল্পকে টিকিয়ে রাখতে হবে। এদিকে গত মৌরসুমে ফুরশেদপুর কৃষি খামার অল্পকিছু জমিত রিং পিট পদ্ধতিতে পরীক্ষামূলকভাবে আখ চাষ করা হয়। এ পদ্ধতিত জমিত নির্দিষ্ট দূরত্ব বজায় রেখে একাধিক গর্ত করা হয়।

এগুলো প্রায় এক থেক দেড় ফুট গভীর করা হয়। এক একটি গর্তের মধ্য ১২ থেকে ১৩টি এমন দুই চোখ যুক্ত আখের টুকরা লাগানো হয়। এ পদ্ধতি ব্যবহার করলে সমপরিমাণ জমিতে সাধারণ আখ চাষের তুলনায় ৩০ থেকে ৩৫ শতাংশ বেশি পরিমাণ উৎপাদিত হয় বলে সংশ্লিষ্ট কর্তপক্ষ জানিয়েছেন।

এ সময় উপস্থিত ছিলেন দর্শনা কেরুজ চিনিকলের সুযোগ্য ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন, কেরুজ জি এম কৃষি আশরাফুল আলম ভৃইয়া,গ্যারেজ ইন্জিনিয়ার আবু সাঈদ, কেরুজ বাণিজ্যিক বিভাগের ডিহি খামারের ইনচার্জ ইমদাদুল হক।

দর্শনায় ওয়ালটন প্লাজার শুভ উদ্ধোধন করলেন চিত্র নায়ক আমিন খান

দর্শনায় জাঁকজমকপূর্ণ ভাবে ওয়ালটন প্লাজার ৬১২ তম “শো” রুমের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ সোমবার বিকাল ৪ টায় দর্শনা শহরের বাসস্ট্যান্ড মোড় সংলগ্ন বাজার সড়কে এ শো-রুমের শুভ উদ্বোধন করেন বাংলাদেশ চলচিত্রর সুপারহিট চিত্র নায়ক আমিন খান ও মিরাক্কেল-৬ বিজয়ী কৌতুক অভিনেতা আবু হেনা রণি।

উদ্বোধন উপলক্ষে প্লাজা প্রাঙ্গণে বেলুন উড়িয়ে ওয়ালটন প্লাজা শো-রুমের শুভ উদ্বোধন ঘোষণা করে।

শুভ উদ্বোধন শেষে প্লাজা প্রাঙ্গনে অবস্থিত মঞ্চে আলোচনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ওয়ালটন হাইটেক ইন্ডাস্ট্রিসের উপ-ব্যবন্থাপনা পরিচালক হুমায়ুন কবির, চিপ সেলস এক্সিকিউটিভ ওয়াহিদুজ্জামান তানভির ও দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফেরদৌস ওয়াহিদ, দর্শনা কেরুজ শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ, দর্শনা পৌরসভার ২নং ওয়ার্ড কাউন্সিলর এনামুল কবীর সহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

এদিকে ওয়ালটন প্লাজার উদ্বোধন উপলক্ষে দর্শকদের জন্য রাখা হয় লাকি কুপনের ব্যবস্থা। পরে বিজয়ীদের মাঝে বিতরণ করা হয় আকর্ষণীয় পুরস্কার।

[redacted]

[redacted]